

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.১৮-৭৩০

তারিখঃ ২৮ আষাঢ়, ১৪২৬
১২ জুলাই, ২০১৯

বিষয়ঃ বন্যাজনিত কারণে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশে বেশ কিছু দিন ধরে বৃষ্টিপাত শুরু হয়েছে। ভারী বর্ষণের ফলে দেশের বিভিন্ন স্থানে আকস্মিক বন্যা দেখা দিয়েছে। দুর্যোগপূর্ণ এলাকাসমূহের জনসাধারণের জানমালের নিরাপত্তার স্বার্থে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সার্বক্ষণিক খোলা রেখে তাদের আশ্রয়ণের ব্যবস্থা নিশ্চিত করবে।

০২. দুর্যোগপূর্ণ এলাকাসমূহের কারিগরি/মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান ও দপ্তরীর উপস্থিত সুনিশ্চিতপূর্বক জনসাধারণের দেখভাল করা এবং প্রতিষ্ঠান প্রধানগণ সার্বক্ষণিক উক্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে যোগাযোগ করবে।

০৩. উল্লিখিত বিষয়ে প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা প্রদানসহ সার্বক্ষণিক মনিটরিং এর জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে কন্ট্রোল রুম (Control Room) খোলা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষরিত/-

১২.০৭.২০১৯

(এস এম মাহাবুবুর রহমান)

যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)

☎: ৯৫৭৫৬৬৭

Jstmed7@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অতিরিক্ত সচিব (সকল) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।